মার্কেন্টাইল ব্যাংক পিএলসি

এলিফ্যান্ট রোড শাখা, ঢাকা ।

অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, এলিফ্যান্ট রোড শাখা, ৭৫, এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫ এর ঋণগ্রহীতা মূল এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী: জনাব মোঃ শাহাবদ্দিন, পিতা- মৃত আব্দুল আলী, মাতা- মৃত বাহেরুন নেছা, যার ব্যবসায়িক ঠিকানা- ৩/১-৬ গাউসিয়া মার্কেট, (৩য় তলা), মিউ মার্কেট, ঢাকা-১২০৫। এবং বর্তমান ঠিকানা-২৭০/বি, ডঃ কুদরত-ই-খোদা রোড, ঢাকা-১২০৫ কর্তৃক বন্ধকীকৃত নিম্ন তফসিলবর্ণিত সম্পত্তি বিগত ৩১/১০/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদ আসল ও অন্যান্য খরচসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ১৯,৪৪,৬২,৩০৮.৯৮ (উনিশ কোটি চুয়াল্লিশ লক্ষ বাষট্টি হাজার তিনশত আট টাকা ও আটানব্বই পয়সা) মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে বন্ধকদাতা জনাব মোঃ শাহাবদ্দিন, পিতা- মৃত আব্দুল আলী, মাতা- মৃত বাহেরুন নেছা, যার বর্তমান ঠিকানা-২৭০/বি, ডঃ কুদরত-ই-খোদা রোড, ঢাকা-১২০৫, কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলসমূহে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

নিলামের শর্তাবলী ঃ

১. আগ্রহী দরদাতাগণকে তাঁর বা তাঁদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ১৫.১২.২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রস্তাবিত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। ঐ দিনই বিকাল ৩।৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ উপস্থিত দরপত্রদাতা বা তাদের প্রতিনিধির সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং বা ফোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে, উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, এলিফ্যান্ট রোড শাখা, ঢাকা -এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করা যাবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদাসের পূর্বে সংশ্লিষ্ট শাখায় রক্ষিত তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষন করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. সফল দরদাতাকে অর্থ ঋণ আদালত আইন- ২০০৩ এবং পরবর্তী সংশোধনী ২০০৭ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১০. প্রয়োজনে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে। দখল সংক্রান্ত যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

তফসীলঃ-এ

জেলা - ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-কেরানীগঞ্জ, ঢাকা কালেক্টরেট, মৌজা - ভাভারখোলা, জোত নং ১৩৬২, খতিয়ান নং ঃ সি এস-৪৪৫, এস এ ৪৫৭, আর এস-১০৫, নামজারি ১০৫/কাত, দাগ- সি এস-১৫৬, এস এ ২০৭, আর এস-২১৪

উপরোক্ত তফসিলি সম্পত্তিতে মোট সম্পত্তির পরিমান ৫৩ শতাংশ, যাহার চৌহদ্দিঃ উত্তরে-সাইজুদ্দিন, দক্ষিণে- আব্দুল মান্নান, পূর্বে-আজহার শিকদার, এবং পশ্চিমে- রাস্তা এবং আজিজুল হক।

তফসীলঃ- সি

জেলা - ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-কেরানীগঞ্জ, ঢাকা কালেক্টরেট, মৌজা - রোহিতপুর, জোত নং ৯৭৩, খতিয়ান নং ঃ সি এস-২৮৮, ৩৭৭ ও ৩৭৯, এস এ ২৬১, ৪৫৬, ৪৬১ ও ৫৪৬, আর এস-১৮ ও ১২, নামজারি ১৮ ও ১২, দাগ নং সি এস ১০৬, ১৬৪ ও ১৬৭ এবং এস এ ১৩৬, ৮৩৮, ৮৩৯ ও ৭৬৩; আর এস-৩৫৮, ২২২, ২২৩ ও ২২১, জমির পরিমাণ ৬০ শতাংশ আর এস দাগ নং ২২২ এর মধ্যে, জমির পরিমাণ ১২.৫০ শতাংশ আর এস দাগ নং ২২৩ এর মধ্যে, এবং জমির পরিমাণ ২০ শতাংশ আর এস দাগ নং ২২১ এর মধ্যে।

উপরোক্ত তফসিলি সম্পত্তিতে মোট সম্পত্তির পরিমান (১৩২.৫০ শতাংশ -৪০.০০ শতাংশ)= ৯২.৫০ শতাংশ, যাহার চৌহদ্দিঃ উত্তরে-ন্যুাই ন্যাপারি, দক্ষিণে- সাইজুদ্দিন, পূর্বে- রাস্তা, এবং পশ্চিমে- ইদ্রিস খান মিজাহিদ।

তফসীলঃ- ডি

জেলা - ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-কেরানীগঞ্জ, ঢাকা কালেক্টরেট, মৌজা - ভাভারখোলা, জোত নং ৮৪৫, খতিয়ান নং ঃ সি এস-৫৬, এস এ ৬৩; আর এস-১০৩, নামজারি ১০৩/কাত, দাগ- সি এস-১৩৭, এস এ ১৩০, আর এস ২৮৯

উপরোক্ত তফসিলি সম্পত্তিতে মোট সম্পত্তির পরিমান ৪১ শতাংশ, যাহার চৌহদ্দিঃ উত্তরে-খোকন এবং গং, দক্ষিণে- রাস্তা ও আইজুদ্দিন, পূর্বে- প্রতীক খাদ, এবং পশ্চিমে- খায়রুন্নিসা বাইতুল নূর জামের মসজিদ।

তফসীলঃ- ই

জেলা - ঢাকা, থানা-ধানমন্ডি, সাব-রেজিষ্ট্রি অফিস-তেজগাঁও, ঢাকা কালেক্টরেট, মৌজা-ধানমন্ডি, জোত নং ২০৭০/১১, খতিয়ান নং ঃ সি এস-৬৩ ও ২৮১; এস এ ৯২০; আর এস-১১১৫, ঢাকা সিটি জরিপ-৯৫৭, নামজারি-৭৮৭১, দাগ- সি এস-৭০৭ ও ৭০৮; এস এ ২৩৫২, আর এস-৫৬২৮, ঢাকা সিটি জরিপ-৫৪০৯

উপরোক্ত তফসিলি মোট সম্পত্তির পরিমান ছয় তলা আবাসিক ভবন সহ ৪.৯৫ শতাংশ যাহার ঠিকানা ঢাকা সিটি কর্পোরেশন হোল্ডিং নং-২৭০/বি, এলিফ্যান্ট রোড ঢাকা, যাহার চৌহদ্দিঃ উত্তরে হোল্ডিং নং-২৭০/এ, এলিফ্যান্ট রোড ঢাকা, দক্ষিণে- রাস্তা ও তার সাথে হোল্ডিং নং-২৬৬/এ, এলিফ্যান্ট রোড ঢাকা, পূর্বে- রাস্তা ও তার সাথে হোল্ডিং নং-২৫৯, এলিফ্যান্ট রোড ঢাকা, এবং পশ্চিমে- ২৭০, এলিফ্যান্ট রোড ঢাকা।

মোট জমির পরিমাণ=(৫৩.০০ শতাংশে +৯২.৫০ শতাংশে +৪১.০০ শতাংশে +৪.৯৫ শতাংশে) = ১৯১.৪৫ শতাংশে সম্পত্তি ছয় তলা আবাসিক ভবন সহ ।

পক্ষে: এসভিপি ও শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, এলিফ্যান্ট রোড শাখা, ঢাকা ।
ফোন ঃ ০১৭১১৫৬২২২৬।